

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৮৩

পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ৯৩. কিভাবে পবিত্র হবে

بَابُ: الطُّهْر كَيْفَ هُوَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ قَالَ قَالَ سُفْيَانُ الْكُدْرَةُ وَالصَّفْرَةُ فِي أَيَّامِ الْحَيْضِ حَيْضٌ وَكُلُّ شَيْءٍ رَأَتْهُ بَعْدَ أَيَّامِ الْحَيْضِ مِنْ دَمٍ أَقْ كُدْرَةٍ أَقْ صُفْرَةٍ فَهِيَ مُسْتَحَاضَةٌ سُئِلَ تَأْخُذُ بِقَوْلِ سُفْيَانَ قَالَ نَعَمْ

إسناده صحيح

বাংলা

৮৮৩. সুফিয়ান রাহি. বলেন, হায়েযের নির্ধারিত দিনগুলিতে ঘোলা (মেটে) ও হলুদ বর্ণের যা-ই নির্গত হোক, তা হায়েযে বলে গণ্য হবে। আর হায়েযের নির্ধারিত দিনগুলি অতিক্রান্ত হওয়ার পরে রক্তবর্ণ, ঘোলা (মেটে) বর্ণ, কিংবা হলুদ বর্ণের কিছু দেখলে সে ইসতিহাযাগ্রস্ত মহিলা বলে গণ্য হবে।[1] আব্দুল্লাহকে জিজ্ঞাসা করা হলো, আপনি কি সুফিয়ানের এ মত গ্রহণ করেছেন? তিনি বললেন: হাঁ।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আব্দুর রাযযাক নং ১২০৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সফিয়ান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন